## ফটো গ্যালারি



এসপিটিআই এর সকল কর্মকর্তা, কর্মচারী এবং মেরিন শিক্ষানবিশগণ।



চিকিৎসক কর্তৃক মেরিন শিক্ষানবিশদের চিকিৎসা সেবা প্রদান।



প্রাত্যহিক প্যারেডের দৃশ্য।



নেভিগেশন ল্যাবে ব্যবহারিক প্রশিক্ষণ।



কম্পিউটার ল্যাবে ব্যবহারিক প্রশিক্ষণ।



লাইব্রেরিতে অধ্যয়নরত মেরিন শিক্ষানবিশগণ।



জাহাজ পরিচালনার ব্যবহারিক প্রশিক্ষণ (ইঞ্জিন)।



জাহাজ পরিচালনার ব্যবহারিক প্রশিক্ষণ (ডেক)।



ওয়ার্কশপে ব্যবহারিক প্রশিক্ষণ।



শ্রেণিকক্ষে মেরিন শিক্ষানবিশগণ।

# শিপ পার্সোনেল ট্রেনিং ইনস্টিটিউট (এসপিটিআই)

## চরমুগরিয়া, মাদারীপুর।



এসপিটিআই এর প্রশাসনিক এবং একাডেমিক ভবন

**স্থাপিত-২০১৩ খ্রিস্টাব্দ**

www.sptimadaripur.com
sptibiwtamadaripur@gmail.com
01715-689882

**বিআইডব্লিউটিএ**

প্রবহমান নদীর সাথে

# শিপ পার্সোনেল ট্রেনিং ইনস্টিটিউট (এসপিটিআই), বিআইডব্লিউটিএ, মাদারীপুর

**প্রতিষ্ঠাকাল ঃ** ৫ মাঘ ১৪১৯ বঙ্গাব্দ/ ১৮ জানুয়ারি ২০১৩ খ্রিস্টাব্দ।

**অবস্থান ঃ** মাদারীপুর জেলার সদর উপজেলাধীন চরমুগরিয়া পৌর এলাকার কুমড়াখালী মৌজার কুমারটেক নামক স্থানে ইনস্টিটিউটটি অবস্থিত। কুমার নদীর পশ্চিম তীরে মনোরম প্রাকৃতিক পরিবেশে ৫ একর জায়গার উপর প্রতিষ্ঠিত ইনস্টিটিউটটির ক্যাম্পাস ।

**লক্ষ্য ঃ** প্রতিবছর মেরিন শিক্ষানবিশ কোর্স (ডেক বিভাগ ও ইঞ্জিন বিভাগ) সম্পন্নের মাধ্যমে ন্যূনতম ২০০ জন দক্ষ প্রশিক্ষিত অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক মানের নাবিক তৈরী করা ।

## মেরিন শিক্ষানবিশ কোর্সে ভর্তির শর্তসমূহ ঃ

১. আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশী নাগরিক ও অবিবাহিত পুরুষ হতে হবে ;
২. আবেদনকারীকে কমপক্ষে এস এস সি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে ;
৩. নির্বাচনী পরীক্ষার সময় প্রয়োজনীয় সকল সনদ/মার্কশীটের মূল কপি/অনলাইন কপি প্রদর্শন করতে হবে ;
৪. আবেদনকারীর বয়স এস এস সি/সমমান পরীক্ষার সার্টিফিকেট অনুযায়ী ১৬ বছর ৬ মাস থেকে ২১ বছর এর মধ্যে হতে হবে ;
৫. চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীকে সার্বক্ষণিক প্রশিক্ষণ গ্রহণের জন্য ইনস্টিটিউটে অবস্থান করতে হবে ;
৬. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে ;

## ভর্তি পদ্ধতি ঃ

১. আবেদনকারীদের মধ্য হতে নির্বাচিত পরীক্ষায় মেধা তালিকার ভিত্তিতে মেরিন শিক্ষানবিশ নির্বাচিত করা হবে ;
২. বাংলা, ইংরেজী, গণিত ও সাধারণ জ্ঞান বিষয়ে (এস.এস.সি মানের) ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশ নিতে হবে ;
৩. প্রতি শাখায় লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের শারীরিক সুস্থতা, চক্ষু, সাঁতার ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে ;
৪. শারীরিক সুস্থতা, চক্ষু, সাঁতার ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য হতে প্রতি বিভাগে মেধা তালিকা অনুযায়ী ডেক বিভাগে ২০ (বিশ) জন এবং ইঞ্জিন বিভাগে ২০ (বিশ) জন-কে চূড়ান্তভাবে নির্বাচিত করে অন্যান্যদের অপেক্ষমান তালিকায় রাখা হবে ;
৫. চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে এককালীন ২০,০০০/- (বিশ হাজার) টাকা (অফেরতযোগ্য) এবং জামানত হিসেবে ২,০০০/- (দুই হাজার) টাকা (সফলভাবে কোর্স সম্পন্ন শেষে ফেরত যোগ্য) ভর্তির সময় জমা প্রদান করতে হবে ;

## সুবিধাদি ঃ

১. ফ্রি থাকা, খাওয়া ও চিকিৎসার ব্যবস্থা।
২. ফ্রি প্রশিক্ষণ ও প্রশিক্ষণ উপযোগী ইউনিফর্ম প্রদান।
৩. অভ্যন্তরীণ জাহাজ, কোস্টাল জাহাজ ও ফিশিং জাহাজে চাকুরীর সুযোগ/সম্ভাবনা।
৪. কোন স্বীকৃত বোর্ড হতে পদার্থ বিজ্ঞান ও গণিতসহ মাধ্যমিক (বিজ্ঞান) বা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০০ (৫০% নম্বর) প্রাপ্ত প্রশিক্ষণার্থী ডেক/ইঞ্জিন অফিসার ক্লাস-৫ সনদ প্রাপ্তি সাপেক্ষে বিদেশগামী জাহাজে চাকুরীর সুযোগ/সম্ভাবনা।

## Online-এ আবেদন ও ফি প্রদানের পদ্ধতি ঃ

১. যে কোন ওয়েব ব্রাউজারের মাধ্যমে www.sptimadaripur.com এ প্রবেশ করুন> Online Application এ ক্লিক করুন> Choose an Option ক্লিক করুন> Marine Apprenticeship Course in Nautical Science অথবা Marine Apprenticeship Course in Marine Engineering এ Select করে Application Form পূরণ পূর্বক রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।
২. Application Form এ 100 kb এর মধ্যে 300 × 300 Pixel এর রঙিন ছবি এবং 60 kb এর মধ্যে 300 × 80 Pixel Signature Upload করতে হবে।
৩. সঠিকভাবে Application Form পূরণের পর প্রার্থীকে Submit বাটনে ক্লিক করে আবেদন সম্পন্ন করতে হবে।
৪. আবেদন সম্পন্ন করার পর Applied ID সহ প্রার্থী Applicant's Copy পর্দায় দেখতে পাবেন এবং তা Print করে সংরক্ষণ করবেন।
৫. আবেদন সম্পন্ন করার পর Proceed to Payment বাটনে ক্লিক করে কাঙ্খিত পেমেন্ট অপশন সিলেক্ট করে ৩১৫/- টাকা জমা প্রদান করতে হবে।
৬. সঠিক ভাবে টাকা জমা প্রদান হলে একটি নিশ্চিতকরণ SMS প্রেরণ করা হবে।
৭. অনলাইন আবেদনের ক্ষেত্রে যে কোন সহযোগিতার প্রয়োজনে ০১৫২১১০১৩৬৩ নম্বরে সকাল ১১ ঘটিকা হতে বিকাল ৩ ঘটিকা পর্যন্ত যোগাযোগ করা যাবে।

**Admit Card Download :** সফল আবেদনকারীদের Admit Card Download করার তারিখ ও সময় পরবর্তীতে SMS এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

| ইনস্টিটিউট হতে বিনামূল্যে সরবরাহ হয় | |
|---|---|
| নেভী ব্লু হাফ শার্ট | ২ টি |
| নেভী ব্লু থ্রী কোয়ার্টার প্যান্ট | ২ টি |
| সাদা ফুল প্যান্ট | ১ টি |
| সাদা হাফ শার্ট | ১ টি |
| জাম্পার (নেভি ব্লু) | ১ টি |
| পিটি সু (সাদা) | ২ জোড়া |
| মোজা (সাদা) | ২ জোড়া |

| নিজ ব্যবস্থাপনায় আনতে হয় | |
|---|---|
| কালো ফুল প্যান্ট | ১ টি |
| সাদা ফুল শার্ট | ১ টি |
| সাদা গেঞ্জি (স্যান্ডো) | ২ টি |
| সাদা পাঞ্জাবী | ১ টি |
| স্লিপিং ড্রেস | ২ টি |
| কম্বল | ১ টি |
| কালো সু | ১ জোড়া |

**স্টেশনারি ঃ** রাফ খাতা ১০ টি, পেন্সিল, রাবার, শার্পেনার, জ্যামিতি বক্স, রং পেন্সিল, সাইন্টিফিক ক্যালকুলেটর ইত্যাদি নিজ খরচে মেরিন শিক্ষানবিশকে আনতে হবে ।

**নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি ঃ** দাঁতের ব্রাশ, টুথ পেষ্ট, শেভিং ক্রিম, রেজার, সাবান ও অন্যান্য প্রসাধনীও মেরিন শিক্ষানবিশকে নিজস্ব অর্থ দ্বারা ক্রয় করতে হবে।

**অন্যান্য ঃ** ভর্তির পর ইনস্টিটিউটে আগমনের সাথে সাথে মেরিন শিক্ষানবিশকে নির্ধারিত ক্যাপ, টাই, বেল্ট, নেমপ্লেট ও আইডি কার্ড নিজ খরচে সংগ্রহ করতে হবে।

## প্রশিক্ষণের মেয়াদ ও কোর্সের বিষয় সমূহ

অত্র ইনস্টিটিউটে মেরিন শিক্ষানবিশদের জন্য ডেক বিভাগ ও ইঞ্জিন বিভাগে কোর্স চালু রয়েছে। আপাততঃ প্রতি ব্যাচে ২০ জন ডেক বিভাগ ও ২০ জন ইঞ্জিন বিভাগ সহ সর্বমোট ৪০ জন মেরিন শিক্ষানবিশদের ২ সেমিষ্টারে ১ বছর মেয়াদী প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। পরবর্তীতে এই সংখ্যা ২০০ জনে উন্নীত করা হবে। প্রতিটি বিষয়ে সংশ্লিষ্ট প্রশিক্ষকগণ কোর্স ক্যালেন্ডার অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করে থাকেন। ফলে Lecture, Discussion. Practical, Home work, Spot Test & Feedback ইত্যাদি যথা সময়ে সম্পন্ন করা হয়। ডেক বিভাগ ও ইঞ্জিন বিভাগে কোর্সের বিষয় সমূহ নিম্নরূপঃ

### Deck (Nautical)- 1st Semester Subjects

**Theoretical**
1. Principle of Navigation-1.
2. Principle of Seamanship-1
3. Maritime Law (ISO) - 1
4. Cargo Work.
5. Navigational Instrument.
6. Ship Construction.
7. Maritime Safety (FFA & LSA).
8. Meteorology.
9. Oral.

**Practical**
1. Fire Fighting.
2. Cargo Handling.

**Academic**
1. English.
2. Mathematics.

### Deck (Nautical)- 2nd Semester Subjects

**Theoretical**
1. Principle of Navigation-2.
2. Principle of Seamanship-2.
3. Ship Stability.
4. Maritime Safety.
5. Riverine Knowledge & Pilotage.
6. Communication & Storm (Warning) Signal.
7. Watch Keeping.
8. Maritime Law - 2
9. Tide Table
10. Oral.

**Practical**
1. Chart Work
2. Fire Fighting
3. First Aid
4. Watch Keeping
5. Computer.

**Academic**
1. English.

### Engineering-1st Semester Subjects

**Theoretical**
1. Power Transmission and Marine Propultion System.
2. Elementary Electrical Technology.
3. Maritime Safety - 1.
4. Elementary Machinery.
5. Elementary Engineering Materials.
6. Study of Engine.
7. Workshop Theory.
8. Oral.

**Practical**
1. Workshop Practice.
2. Ship Practical Training.

**Academic**
1. Mathematics.
2. English.

### Engineering- 2nd Semester Subjects

**Theoretical**
1. Engine Description and Principle of Operation.
2. System of Diesel Engine.
3. Workshop Theory.
4. Elementary Refrigeration 8 Aircondition.
5. Diesel Engine Overhauling.
6. Docking, Undocking & Fueling, De-fueling.
7. Elementary Engineering Drawing.
8. Maritime Safety - 2.
9. Fault Finding and Troubleshooting.
10. Oral.

**Practical**
1. Workshop Practical
2. Ship Practical Training.
3. Computer.

**Academic**
1. English.

**পরীক্ষা ও সনদপত্র প্রদান ঃ** ২টি সেমিস্টারে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর যোগ করে গ্রেডিং পদ্ধতিতে ফলাফল প্রকাশ করা হয়। কৃতকার্য মেরিন শিক্ষানবিশকে ইনস্টিটিউটের সনদপত্র প্রদান করা হয়।

**পাসিং আউট এ্যাওয়ার্ডঃ** প্রতি বছর ডিসেম্বরের শেষ সপ্তাহে মেরিন শিক্ষানবিশদের জন্য বর্ণাঢ্য পাসিং আউট অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে ৪ জন মেরিন শিক্ষানবিশকে নিম্নোক্ত এ্যাওয়ার্ড প্রদান করা হয় :

- Best Marine Apprentice of the year
- Best Academic Marine Apprentice of the year (Deck)
- Best Academic Marine Apprentice of the year (Engine)
- Best Sports Marine Apprentice of the year.

## মেরিন শিক্ষানবিশ আচরণবিধি

- প্রতিদিন ভোরে নির্ধারিত সময়ে ঘুম থেকে উঠে পিটি-প্যারেড ও ক্যাম্পাস পরিষ্কার পরিচ্ছন্নতাসহ ফল-ফুলের গাছ নিয়মিতভাবে পরিচর্যা করতে হবে। কোন কারণেই এ সকল কাজে অনুপস্থিত থাকা যাবে না ;
- নির্ধারিত পোষাক পরিধান করে রুটিন অনুযায়ী সঠিক সময়ে ক্লাসে আসতে হবে এবং নির্দিষ্ট সময় পর্যন্ত মনোযোগ ও শৃঙ্খলার সাথে ক্লাস করতে হবে। ক্লাসের মধ্যে কোন ধরনের অমনোযোগিতা বা বিশৃঙ্খলা গ্রহণযোগ্য নয় ;
- মাগরিবের নামাজের পর থেকে এশার নামাজ পর্যন্ত ক্লাস রুমে অধ্যয়ন করতে হবে। রাত দশটার সময় রুমের লাইট বন্ধ করে ঘুমাতে হবে ;
- সকল মেরিন শিক্ষানবিশদেরকে নিয়মিতভাবে নির্ধারিত সময়ে খেলাধুলায় অংশগ্রহণ করতে হবে ;
- ইনস্টিটিউটের অভ্যন্তরে নির্ধারিত পোষাক পরিধান করতে হবে।
- হোস্টেলের ভিতরে হট্টগোল করা যাবে না। প্রয়োজন ব্যতিত অন্যের কক্ষে যাওয়া যাবে না। তাস খেলা, ধূমপান বা অন্য কোন প্রকার মাদক গ্রহণ/ব্যবহার করা যাবে না ;
- মোবাইল ফোন ব্যবহার করা যাবে না ;
- ইনস্টিটিউটের কর্মকর্তা, কর্মচারী, অভ্যাগত ও আশেপাশের লোকজনের সাথে সৌজন্যমূলক আচরণ করতে হবে ;
- ইনস্টিটিউটের আশেপাশে কারো সাথেই বিনা প্রয়োজনে বা অহেতুক কোন সম্পর্কে জড়ানো যাবে না ;
- ইনস্টিটিউটের অধ্যক্ষ এবং ইনস্ট্রাক্টরগণের সকল প্রকার আদেশ নিষেধ মেনে চলতে হবে ;
- ডাক্তারের পরামর্শ ব্যতীত কোন ভাবেই ক্লাস ও অন্যান্য রুটিন কাজে অনুপস্থিত থাকা যাবে না ;
- কোর্স ক্যালেন্ডারে নির্ধারিত ছুটি ব্যতীত বাড়িতে বা অন্য কোথাও যাওয়া যাবে না;
- বিনা অনুমতিতে ইনস্টিটিউটের বাইরে যাওয়া যাবে না। ভর্তির দুই মাস পর হতে প্রতি শুক্রবার সকাল ৮টা থেকে সন্ধ্যা পর্যন্ত মেরিন শিক্ষানবিশগণ গ্রুপ ওয়ারি ক্যাম্পাসের বাইরে যেতে পারবে। তবে বাইরে যাওয়া ও ভিতরে প্রবেশের সময় অবশ্যই রেজিষ্ট্রারে এন্ট্রি করতে হবে।
- ইসলাম ধর্মাবলম্বিদেরকে পাঁচ ওয়াক্ত নামাজ সময়মত আদায় করতে হবে।

**উপরোক্ত আচরণবিধির কোনটি অমান্য করলে সংশ্লিষ্ট মেরিন শিক্ষানবিশদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে ।**